

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং-৪৬.০১৭.০২৭.০০.০০.০১৫.২০১৪-৩৩৩


তারিখ : ০৭ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ।  
২০ মার্চ, ২০১৬ খ্রিঃ।

বিষয় : রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার ০৪নং নারুয়া ইউনিয়নের ০১ নং সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব পাপিয়া সুলতানা এর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী এর স্মারক নং-৮৪, তারিখঃ ২৩ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজবাড়ী জেলার বালিয়াকান্দি উপজেলার ০৪নং নারুয়া ইউনিয়নের ০১ নং সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব পাপিয়া সুলতানা গত ২৩/০৯/২০১৫ তারিখে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে সৌদি আরব গমনপূর্বক সেখানে অবস্থান করছেন এবং যুক্তিসংগত কারণ ব্যতিরেকে দেশ ত্যাগের তারিখ হতে অদ্যাবধি পরিষদে অনুপস্থিত রয়েছেন। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(জ) ও (ক) অনুযায়ী তার এরূপ আচরনের কারণে তিনি স্বীয় পদ হতে অপসারণযোগ্য হবেন।

০২। এমতাবস্থায়, জনাব পাপিয়া সুলতানা এর বিরুদ্ধে উল্লিখিত অভিযোগের কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৫) উপধারা অনুযায়ী কেন তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শরীফা আহমেদ)

সিনিয়র সহকারী সচিব

☎ ৯৫৮৬৬০৫

Email : [lgup1@lgd.gov.bd](mailto:lgup1@lgd.gov.bd)

জনাব পাপিয়া সুলতানা

০১ নং সংরক্ষিত মহিলা আসন

০৪ নং নারুয়া ইউনিয়ন পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী।

অনুলিপি :

০১। জেলা প্রশাসক, রাজবাড়ী (উল্লিখিত সদস্যের নিকট নোটিশ জারীপূর্বক তার মতামতসহ জারি প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।

০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।